

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৭৬

পর্ব-৯: দু'আ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলার জিকির ও তাঁর নৈকট্য লাভ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تُكْثِرُوا الْكَلَامَ بِغَيْرِ ذِكْرِ اللَّهِ قَسْوَةٌ لِلْقَلْبِ وَإِنَّ أَبْعَدَ النَّاسِ مِنَ اللَّهِ الْقَلْبُ وَإِنَّ أَبْعَدَ النَّاسِ مِنَ اللَّهِ الْقَلْبُ وَالْهُ الْقَلْبُ وَإِنَّ أَبْعَدَ النَّاسِ مِنَ اللَّهِ الْقَلْبُ الْقَاسِي» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

২২৭৬-[১৬] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর জিকির ছাড়া বেশি কথা বলো না। কেননা আল্লাহর জিকির ছাড়া অন্য কথা বেশি বলা হৃদয় কঠিন হয়ে যাওয়ার কারণ হয়ে দাঁড়ায়। আর শক্ত হৃদয়সম্পন্ন ব্যক্তিই হচ্ছে আল্লাহ তা'আলা হতে সবচেয়ে বেশি দূরে। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৪১১, শু'আবূল ঈমান ৪৬০০, রিয়াযুস্ সলিহীন ১৫২৬, য'ঈফ আত্ তারগীব ১৭১৮, য'ঈফ আত্ জামি' ৬২৬৫। কারণ এর সানাদে ইব্রাহীম ইবনু 'আবদুল্লাহ ইবনু হাতিব একজন মাজহুলুল হাল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا تُكْثِرُوا) আল্লাহর জিকিরে বেশি কথা বলা লাগলে ভাল। তবে জিকিরুল্লাহ ব্যতীত অন্য প্রসঙ্গে অত্যধিক হারে কথা বলো না। কেন্না, জিকিরুল্লাহ ব্যতীত বেশি কথা হলো অন্তরের কর্কশতার প্রমাণ।

ইমাম নাবাবী (রহঃ) ও ইমাম মুন্যীরী বলেন, হাদীসটির মধ্যে একটু ইঙ্গিত পাওয়া যায় যে, অহেতুক কথা একটু বলা যেতে পারে যেহেতু রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, বেশি হারে অহেতুক কথা বলো না। তবে বিরত থাকা অবশ্যই ভাল।

(وَإِنَّ أَبْعَدَ النَّاسِ مِنَ اللَّهِ الْقَلْبُ الْقَاسِي) এখানে কলব তথা অন্তর বলে মূলত অন্তরের অধিকারী তথা মানুষকে



বুঝানো হয়েছে। 'যেমন বলা হয়ে থাকে' অংশবিশেষ উল্লেখ করে পুরোটাকে উদ্দেশ্য করা।

অথবা কলব মানেই ব্যক্তি নেয়া যেতে পারে।

যেমন বলা হয়ে থাকে (المرأ بأصغريه أي بقلبه ولسانه) তথা মানুষ হচ্ছে তার ছোট দু'টি বস্তুর সমন্বয় এক তার অন্তর দুই তার জিহবা।

মোট কথা হলো, অন্তর কঠিন হয়ে গেলে আমাদের জন্য তা অকল্যাণ ডেকে আনবে। যেমনঃ মহান আল্লাহ বলেন,

''অনন্তর পরবর্তী তোমাদের অন্তর কঠিন হয়ে গেল যেন তা পাথরের মতো তার চেয়ে বেশি কঠিন।'' (সূরা আল বাকারাহ্ ২ : ৭৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন